দৈনিক ইত্তেফাক

তারিখ ..26 FEB 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

২।

হত্যাকাণ্ড তদন্তে বিশ্ববিদ্যালয়ের কমিটি গঠন

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিণ্ডিকেট গতকাল (রবিবার) দুপুরে ভিসির সভাপতিত্বে এক জরুরী সভায় মিলিত হইয়া ছাত্র-ছাত্রী, শিক্ষক, অফিসার ও কর্মচারীদের নিরাপত্তার স্বার্থে ক্লাস ও পরীক্ষাসমূহ অনির্দিষ্ট-কালের জন্য বন্ধ ঘোষণা করিয়া

(১১শ পৃঃ দ্রঃ)

কমিটি গঠন

(১ম পৃঃ পর)

বিকাল ৫টার মধ্যে আবাসিক ছাত্র-ছাত্রীদের হল ও হোষ্টেলসমূহ পরিত্যাগের নির্দেশ দেয়।

সিণ্ডিকেটের সভায় গতকালের সংঘর্ষে নিহত জহুরুল হক হলের ভিপি শহীদুল ইসলাম চুন্নুর প্রাণ-হানিতে শোক প্রকাশ এবং তাহার লাশ দেখিয়া ফিরিবার সময় ভিসির উপর হামলার নিন্দা করা হয়। সিণ্ডিকেট চুন্নু নিহত হওয়া ও ভিসির উপর আক্রমণের ঘটনা তদন্তের জন্য একটি এবং শনি-বার রাতে ফজলুল হক হলে বহিরাগতের মৃত্যুর ঘটনা তদন্তের জন্য আরেকটি কমিটি গঠন করি-য়াছে। উভয় কমিটিকে ২০শে মার্চের মধ্যে সিণ্ডিকেটে রিপোর্ট পেশ করিতে বলা হইয়াছে।

পূর্বরাতে একদফা ও গতকাল দুপুরে একদফা সিণ্ডিকেট ২০ ঘণ্টার মধ্যে দুইবার উপর্যুপরি বৈঠকে মিলিত হয়। সিণ্ডিকেট গতকালের ঘটনাবলীতে "গভীর উদ্বেগ, ক্ষোভ ও দুঃখ" প্রকাশ করিয়া বিশ্ব-বিদ্যালয়ে অনুরূপ ঘটনার পুনরা-বৃত্তি রোধকল্পে সরকার ও রাজ-নৈতিক সংগঠনসমূহের নিকট হইতে নিশ্চয়তা দাবী করিয়াছে।

শনিবার রাতে সিণ্ডিকেটের জরুরী সভায় গৃহীত সিদ্ধান্ত ছাত্র-লীগ ও ছাত্র দলকে জানাইবার জন্য ভিসি দুই দলের নেতৃবৃন্দকে ডাকিয়াছিলেন, কিন্তু তাহারা কেহ আসে নাই। প্রক্টরের মাধ্যমে সিণ্ডি-কেটের সিদ্ধান্ত তাহাদের নিকট পৌঁছানো হয়। সিণ্ডিকেটের সভায় ভাইস চ্যান্সেলার আরও জানান, শনিবার রাতে ফজলুল হক হলের তিনতলার ছাদ হইতে এক জন বহিরাগতকে নীচে ফেলিয়া দেওয়া হয়। সে ঘটনাস্থলে প্রাণ হারায়।

ভাইস চ্যান্সেলার গতকালের পরিস্থিতি ব্যাখ্যাকালে সিণ্ডিকেটকে জানান : সোয়াদশটার দিকে কলা ভবন এলাকায় দুইটি ছাত্র দলের মধ্যে তুমুল গোলাগুলী শুরু হয়। কিছুক্ষণের মধ্যে গোলাগুলী বিভিন্ন হল এলাকায় ছড়াইয়া পড়ে।

ভিসি সিণ্ডিকেটকে জানান : গোলাগুলীতে জহুরুল হক হল ছাত্র সংসদের সহসভাপতি শহীদুল ইস-লাম চুন্নু নিহত হয়। প্রভোষ্ট ও টিউটরগণ এ ঘটনা ভিসিকে জানা-ইলে তিনি মাইক্রোবাসে করিয়া হল এলাকায় মৃতদেহ দেখিতে যান। মৃতদেহ দেখিয়া ফিরিবার সময় 'কে-বা-কাহারা' ইট-পাট-কেল ছুঁড়িলে মাইক্রোবাসের কাঁচ ভাঙ্গিয়া যায়। এই ঘটনার এক পর্যায়ে দুষ্কৃতিকারীরা বড় একটি পাথর ভিসির গাড়ীর দিকে নিক্ষেপ করিলে তাঁহার কাঁধে আসিয়া লাগে। তিনি আঘাত পান এবং অল্পের জন্য প্রাণে রক্ষা পান।

চুন্নুর প্রাণহানি ও ভিসির উপর আক্রমণের ঘটনা তদন্তের জন্য শহীদুল্লাহ হলের প্রভোষ্ট ডঃ মাহ-তাবউদ্দিন আহমদকে চেয়ারম্যান, রসায়ন বিভাগের সহযোগী অধ্যা-পক লেখক ডঃ হুমায়ুন আহমদকে সদস্য ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টরকে সদস্য সচিব করিয়া ৩ সদস্যের কমিটি গঠিত হইয়াছে।

পূর্বরাতে ফজলুল হক হলে বহিরাগতের মৃত্যু সংক্রান্ত ঘটনা তদন্তের জন্য ফজলুল হক হলের প্রভোষ্টকে চেয়ারম্যান, প্রাণ রসায়ন বিভাগের সহকারী অধ্যা-পক ডঃ মোহাম্মদ আনোয়ার হোসেনকে সদস্য ও শহীদুল্লাহ হলের হাউস টিউটর মোহাম্মদ আলতাফ হোসেনকে সদস্য করিয়া ৩ সদস্যের কমিটি গঠিত হইয়াছে।